উপজেলা নির্বাহী অফিস
বাগমারা, রাজশাহী।
প্রাপ্তি নং- ২৯৫
তারিখ : ২০/০৩/২৩
উপজেলা নির্বাহী অফিস
অতি জরুরী / জরুরী / উপস্থাপন করুন / নথিভুক্ত করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
পুরাতন সংসদ ভবন, ঢাকা

মুজিব শতবর্ষ

পত্র সংখ্যা ০৩.৪৫১.২৬৯০.০৪৬.০০৭.০৩.২০২০-৩৬.

তারিখ ০৫ চৈত্র ১৪২৯ / ১৯ মার্চ ২০২৩

**বিষয়: 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা বৃত্তি সংক্রান্ত।**

সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আওতায় পরিচালিত "বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)" শীর্ষক কর্মসূচি হতে প্রতি বছরের ন্যায় চলতি (২০২২-২৩) অর্থবছরেও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা বৃত্তি প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীগণ অনলাইন ওয়েব পোর্টালের (empl.pmo.gov.bd) মাধ্যমে আবেদন দাখিল করবেন। এক্ষেত্রে কার্যক্রমটি অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের অংশ হিসাবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্বাক্ষরিত নৃ-গোষ্ঠী প্রত্যয়ন পত্র আবেদনের সাথে আপলোডের সংস্থান রাখা হয়েছে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রমিত প্রত্যয়ন পত্রের একটি ফরমেট প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। পাশাপাশি, চলতি অর্থবছরের উল্লিখিত বৃত্তির আবেদন সংক্রান্ত একটি বিজ্ঞাপন দৈনিক কালেরকণ্ঠ ১৫ মার্চ ২০২৩ খ্রি. তারিখের সকল সংস্করণে প্রকাশিত হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, চলতি (২০২২-২৩) অর্থবছরের উচ্চশিক্ষা বৃত্তির আবেদনের জন্য প্রকৃত নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের উল্লিখিত ফরমেটে প্রত্যয়ন পত্র প্রদানে এবং পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের মাঝে অধিকতর প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনামতে (২ পাতা)।

১৯/০৩/২০২৩

(দেবাশিস কুমার দাস)
পরিচালক, নির্বাহী সেল (প্রতিকল্প)
ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৪৯৫
ই-মেইলঃ debashish.das40@yahoo.com

বিভাগীয় কমিশনার
ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ।

**অনুলিপি:**

১। জেলা প্রশাসক, ..................................
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪। মহাপরিচালক (নির্বাহী সেল) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
....................................
www.unoxxxxxx.gov.bd

স্মারক নং-.................................. তারিখ: ........

## প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, .................................. ....................................................,
জাতীয় পরিচয় পত্র নং-....................................................../ জন্ম নিবন্ধন নম্বর-.................................
মাতা: ......................................................... পিতা: ...............................................,
গ্রাম:.............................,ইউনিয়ন:.............................,উপজেলা:..............................,
জেলা: ..........................এর বাসিন্দা এবং...................... নৃ-গোষ্ঠীভুক্ত একজন সদস্য। তিনি ...............
.......খ্রিস্টাব্দে SSC/সমমান পরীক্ষায় কৃতকার্য হন এবং বর্তমানে............................. .........................
.......... এ ................... শ্রেণীতে ................. বর্ষে অধ্যায়নরত আছেন।

আমি তার সার্বিক মঙ্গল কামনা করি।

(..............................)
উপজেলা নির্বাহী অফিসার
...............................
পরিচিতি নং-...............
ফোন নং-
ই-মেইল: ......................

New Volume (J) Folder-DUKE/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ

পত্র সংখ্যা : ০৩.৪৫১.২৬৯০.০৪৬.০০৭.০৩.২০২০-৩৫.

তারিখ : ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) উচ্চ শিক্ষাবৃত্তি বিজ্ঞপ্তি

বিষয় : **বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচির আওতায় সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি-২০২৩ এর আবেদন আহ্বান।**

প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন 'বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)' শীর্ষক কর্মসূচির আওতায় সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের সহায়তা প্রদানের লক্ষ্যে সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানের কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়/সমতুল্য পর্যায়ে অধ্যয়নরত স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত সমতলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত শিক্ষার্থীদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। (ওয়েব পোর্টাল ঠিকানা: empl.pmo.gov.bd)

আবেদনের শর্তাবলী :

১। আবেদনকারী শিক্ষার্থীদের অবশ্যই বাংলাদেশের সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভুক্ত নাগরিক হতে হবে। এক্ষেত্রে আবেদনকারী পার্বত্য চট্টগ্রাম ব্যতীত (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) অন্য যে কোন জেলার স্থায়ী বাসিন্দা হতে পারেন;

২। আবেদনকারী শিক্ষার্থীকে অবশ্যই বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানের স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;

৩। কেবল ২০১২ খ্রি. ও তার পরবর্তীতে এসএসসি/সমমানের পাসকৃতরাই এ বৃত্তির জন্য আবেদন করতে পারবে;

৪। কোন ধরনের সরকারি চাকুরিতে কর্মরত কেউ আবেদন করতে পারবে না;

৫। কোন তফসিলি ব্যাংকে আবেদনকারীর নিজ নামে একটি সঞ্চয়ী হিসাব নম্বর (কমপক্ষে ১৩ ডিজিটের) থাকতে হবে এবং এ সঞ্চয়ী হিসাব নম্বর ও সংশ্লিষ্ট ব্যাংকের শাখার রাউটিং নম্বর (routing number) অনলাইনে আবেদনের যথাস্থানে প্রদান করতে হবে;

৬। অনলাইনে আবেদন করার প্রয়োজনীয় সকল তথ্যাদি যথাযথভাবে প্রদান করতে হবে। আবেদনকারীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট বোর্ডের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাই করে নেয়া হবে;

৭। আবেদনকারীকে আগামী ১৬/০৩/২০২৩ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা হতে ৩০/০৪/২০২৩ খ্রি. বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে empl.pmo.gov.bd এ ওয়েব পোর্টালে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে না। অনলাইনে আবেদনের পর আবেদনকারী একটি ১২ ডিজিটের ইউনিক ইউজার আইডি ও ৬ ডিজিটের পাসওয়ার্ড পাবেন। আবেদনটি যথাযথভাবে দাখিল হলে আবেদনকারী কর্তৃক আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে একটি স্বয়ংক্রিয় এসএমএস-এর মাধ্যমে তা নিশ্চিত করা হবে। মেধাক্রমের ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীর আবেদনে প্রদত্ত ব্যাংক হিসাব নম্বরে বৃত্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। এক্ষেত্রেও আবেদনকারীকে এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে;

৮। অনলাইনে আবেদনপত্র পূরণের বিস্তারিত নিয়মাবলী ও প্রয়োজনীয় সকল তথ্য empl.pmo.gov.bd ওয়েব পোর্টালে পাওয়া যাবে;

৯। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত ডকুমেন্ট/কাগজপত্র স্ক্যান করে অবশ্যই সংযুক্ত করতে হবে:
ক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইস্যুকৃত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সংক্রান্ত প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরমেটে);
খ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত পরিচয়পত্র/প্রত্যয়নপত্র;
গ) আবেদনকারীর নিজ নামের ব্যাংকের চেক বইয়ের প্রথম পাতার (cover page) স্ক্যান কপি।

১৫/০৩/২০২৩

(মোঃ এহেতেশাম রেজা)
পরিচালক (নির্বাহী সেল)
ফোন : +৮৮-০২-৫৫০২৯৬১১
ই-মেইল : admrezaehtasham@gmail.com

CamScanner